



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-৩, কমার্স কলেজ রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।

www.pdbf.gov.bd



অর্থ বিভাগ

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.০০৯.২০.০২৮.০০(পার্ট-২৫)-৫৪৫৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ, ১৪৩০ব.
২০ নভেম্বর, ২০২৩খ্রি.

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বাজেট মনিটরিং ও নিয়ন্ত্রণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক: ৪৭.৬৬.০০০০.০০৯.২০.০২৮.০০(পার্ট-২৫)-৪৯৮৩; তারিখ: ২৯-১০-২০২৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকমূলে ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দপত্র ইতঃমধ্যে আঞ্চলিক কার্যালয় ও উপজেলা/ অনুশাখা কার্যালয়ের অনুকূলে কর্তৃপক্ষের নির্দেশনা সহযোগে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়। বরাদ্দপত্রে বর্ণিত খাতওয়ারী নির্ধারিত ব্যয়সীমা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষাপটে ব্যয় নিয়ন্ত্রণের লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশাবলী অনুসরণের পরামর্শ প্রদান করা হ'ল:

১. ব্যয় লিপিবদ্ধের জন্য যথাযথভাবে বাজেট রেজিস্টার ব্যবহার করতে হবে;
২. প্রাপ্ত বরাদ্দ, খাত অনুসারে বাজেট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে;
৩. প্রাপ্ত বরাদ্দ হতে মাস ভিত্তিতে সম্পাদিত ব্যয়ের আলোকে খাত অনুসারে অন্তর্ভুক্ত করতে হবে;
৪. প্রাপ্ত বরাদ্দকে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে বন্টন করে ব্যয় নির্বাহ করতে হবে;
৫. সংশ্লিষ্ট উপপরিচালক/ সিনিয়র সহকারী পরিচালক/ কার্যালয় প্রধানগণ যথাযথভাবে বরাদ্দ ও ব্যয় তদারকি করবেন;
৬. বরাদ্দের মধ্যেই সকল খাতের ব্যয় নির্বাহের জন্য বিশেষভাবে মনিটরিং করতে হবে এবং অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার নিকট ফলাবর্তক (Feedback) প্রদান করতে হবে;
৭. অযাচিতভাবে কোন খাতে বাজেট সীমার অতিরিক্ত ব্যয় করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী হবেন;
৮. পূর্ববর্তী সময়ের বাজেট অতিরিক্ত ব্যয়ের নিরীক্ষা আপত্তি থাকলে আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ যৌক্তিকতা ও প্রমাণক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;
৯. কোন খাতে বাজেট বৃদ্ধি অপরিহার্য হলে যৌক্তিকতাসহ প্রধান কার্যালয় হতে যথাসময়ে অনুমোদন গ্রহণ করতে হবে;
১০. কোনভাবেই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বাজেট অতিরিক্ত ব্যয় নির্বাহ করা যাবে না।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হ'ল।


২০/১১/২০২৩

(মোঃ শফিকুল ইসলাম)

বিভাগীয় প্রধান, অর্থ (ভারপ্রাপ্ত)

ই-মেইল: pdbffinance@gmail.com

উপপরিচালক

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

উপপরিচালকের কার্যালয়


.....অঞ্চল।

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.০০৯.২০.০২৮.০০(পার্ট-২৫)-৫৪৫৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ, ১৪৩০ব.
২০ নভেম্বর, ২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল:

- ১। বিভাগীয় প্রধান (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক/ কর্মসূচি পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। নিরীক্ষা দলনেতা (সকল),নিরীক্ষা অঞ্চল, পিডিবিএফ।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উর্ধ্বতন/ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কার্যালয়, অঞ্চল।


(মোঃ সামছু উদ্দিন)

উর্ধ্বঃ সহকারী পরিচালক, অর্থ

ই-মেইল: pdbffinance@gmail.com